# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 22.09.2024** **Time: 7.35 A.M**

## বিশেষ বিশেষ খবর

১। দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি এখনো উদ্বেগ জনক।
দক্ষিণ ২৪ পরগণার ৯ মৎস্যজীবী এখনও নিখোঁজ।

২। রাজ্যপাল সিভি আনন্দ বোস বলেছেন ডিভিসির ছাড়া জলে নয় বরং রাজ্য সরকারের যথাযথ প্রস্তুতির অভাবেই বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

৩। নতুন প্রদেশ কংগ্রেস সভাপতি হয়েছেন শুভঙ্কর সরকার।

৪। আরজিকর কাণ্ডে আন্দোলনরত জুনিয়র ডাক্তাররা ৪২ দিন পর গতকাল, জরুরী বিভাগে কাজে ফিরেছেন।

৫। আইএসএল ফুটবল ম্যাচের দিনগুলিতে মেট্রো রেল গ্রীন লাইনে বিশেষ পরিষেবা দেবে।

oooooooooooooooooooo

রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি এখনো উদ্বেগজনক। DVC-র জল ছাড়ার পরিমাণ কিছুটা কমেছে বলে খবর । শেষ খবর পাওয়া পর্যন্ত পাঞ্চেত থেকে ৫০ হাজার কিউসেক এবং দুর্গাপুর ব্যারেজ থেকে ৫৬ হাজার কিউসেক জল ছাড়া হচ্ছে।

হাওড়ার উদয়নারায়ণপুরের বহু গ্রাম জলের তলায়। তবে, গতকাল পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। আমতা ২ নম্বর ব্লকের পাঁচটি গ্রাম পঞ্চায়েত এলাকা এখনও জলমগ্ন। স্পিডবোটের মাধ্যমে খাদ্য ও ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া হচ্ছে। জেলা ও ব্লক স্তরে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম খোলা হয়েছে।

হুগলি জেলার খানাকুলে বহু বাড়ি ঘর জলমগ্ন। বন্যা পরিস্থিতির এখনও তেমন উন্নতি হয়নি। প্লাবিত জেলার বলাগড়ও। পুড়শুড়া ব্লকের বিস্তীর্ণ এলাকায় বন্যার জলে ভেঙেছে ঘরবাড়ি। পানীয় জলের সমস্যা তুঙ্গে।

দুই মেদিনীপুরের বন্যা পরিস্থিতিও জটিল আকার নেওয়ায় জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীকে কাজে লাগানো হচ্ছে। এদিকে, ঘাটাল ব্লকের অজবনগর এক ও দুই, দেওয়ানচক এক নম্বর গ্রাম পঞ্চায়েতের কয়েকটি গ্রামে যান ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ন সংগ্রাম কমিটির প্রতিনিধিরা। ত্রাণ সামগ্রী বন্টন করেন তারা।

বাঁকুড়ার মুকুটমণিপুরে কংসাবতী জলাধার থেকে জলছাড়ায় একাধিক গুরুত্বপূর্ণ সেতু জলের তলায়। দুর্গাপুর ব্যারেজ থেকে ছাড়া জলে বড়জোড়া ও সোনামুখী ব্লকে মানাচর এলাকায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে।

মুর্শিদাবাদের বহরমপুর ব্লক'ও বন্যা কবলিত। সাঁটুই চৌরিগাছা পঞ্চায়েতের হটনগর, কাঁঠালিয়া, সন্তোষনগর সহ একাধিক গ্রাম প্লাবিত। চারটি গ্রামের ১৫টি পরিবারকে ত্রাণ শিবিরে সরিয়ে দেওয়া হয়েছে। ব্লক প্রশাসনের পক্ষ থেকে বাঁধের ভাঙা অংশ মেরামতির কাজ চলেছে জোরকদমে।

oooooooooooooooooooooooo

হাওড়া জেলার আমতা দু নম্বর ব্লকের বিস্তীর্ণ এলাকা এখনো জলের তলায়। জলের তলায় সেহাগড়ি - ঝিকিরা রাস্তা। কোথাও কোথাও প্রায় একতলা বাড়ির সমান জল। গ্রামে গ্রামে তীব্র পানীয় জলের সংকট দেখা দিয়েছে সমস্যায় পড়েছেন সাধারণ মানুষ। কিছু এলাকায় প্রায় দেড় দু কিলোমিটার বুক সমান জল পেরিয়ে জল সংগ্রহ করতে হচ্ছে সাধারণ মানুষকে। স্থানীয় বিধায়ক সুকান্ত পাল বলেন,

oooooooooooooooooooooooo

প্রবল দুর্যোগে সমুদ্রে নিখোঁজ থাকা দক্ষিণ ২৪ পরগণার ৯ মৎস্যজীবীর পরিবারের লোকজন প্রবল উদ্বিগ্ন। তাঁরা নামখানা মৎস্য বন্দরে অপেক্ষা করছেন। ওই মৎস্যজীবীরা নিখোঁজ ট্রলারের কেবিনে আটকে পড়েছিলেন

অন্যদিকে নামখানা ঘাটে গতকালই ফিরিয়ে আনা হয় উদ্ধার হওয়া ৮ মৎস্যজীবীকে। নামখানা মৎস্য বন্দর থেকে অ্যাম্বুলেন্সে করে ওই ৮ মৎস্যজীবীকে নিয়ে যাওয়া হয় কাকদ্বীপ মহকুমা হাসপাতালে। দুজনকে ভর্তি রেখে বাকি ছয় জনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়েছে।

oooooooooooooooooooooo

ডিভিসির ছাড়া জলে নয়, বরং রাজ্য সরকারের যথাযথ প্রস্তুতির অভাবেই একাধিক জেলায় সাম্প্রতিক বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন। পাশাপাশি, কংসাবতী নদীবাঁধ থেকে জল ছাড়ার ফলেও রাজ্যে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে বলে দাবি করে রাজ্যপাল, রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। চিঠিতে রাজ্যপাল লেখেন, বাঁকুড়া, বীরভূম, পশ্চিম মেদিনীপুর কোনভাবেই ডি ভি সির আওতাভুক্ত নয়। কংসাবতী, শিলাবতী ও দ্বারকেশ্বর নদী এলাকায় প্রচুর বৃষ্টিপাত এবং কংসাবতী নদীর উপর মুকুটমণিপুর বাঁধ থেকে জল ছাড়ার ফলে এইসব এলাকা প্লাবিত হয়েছে। এর আগে বন্যা পরিস্থিতি ও তার প্রেক্ষিতে রাজ্য সরকারের প্রস্তুতি নিয়েও মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছিলেন তিনি।

oooooooooooooooooooooooo

বিজেপি দক্ষিণবঙ্গের বন্যা পরিস্থিতির জন্য রাজ্য সরকারকে দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বন্যা কবলিত পাঁশকুড়া এবং হুগলীর বিভিন্ন এলাকা পরিদর্শন করে ত্রাণ বিতরণ করেছেন। শুভেন্দুবাবু বলেন ২০২২ সাল থেকে নদী বাঁধগুলির রক্ষণাবেক্ষণ হয়নি, ফলে তা সহজেই ভেঙে পড়েছে। বিশ্বব্যাঙ্ক মেরামতের জন্য টাকা দিলেও রাজ্য সরকার সেই কাজ করেনি কেন ? সেই প্রশ্নও তোলেন বিরোধী দলনেতা । কংসাবতী জলাধার থেকে জল ছাড়ার বিষয়েও রাজ্য সরকারকে কটাক্ষ করেছেন শুভেন্দুবাবু।

তিনি বলেন, ডি ভি সি-র জল ছাড়ার দিকটিও রেগুলেটরি কমিটি দেখে। তাতে রাজ্য সরকারেরও প্রতিনিধি রয়েছে।

ভারত সেবাশ্রম, রামকৃষ্ণ মিশনের মতো স্বেচ্ছাসেবী সংগঠনগুলিকে দুর্গতদের পাশে দাঁড়ানোর আর্জি জানিয়েছেন শুভেন্দু।

oooooooooooooooooo

নুতন প্রদেশ কংগ্রেস সভাপতি হয়েছেন প্রদেশ কংগ্রেস নেতা শুভঙ্কর সরকার। কংগ্রেস সভাপতি মাল্লিকার্জুন খাড়গে, গতকাল এই ঘোষণা করেন। এআইসিসির র পক্ষ থেকে সাধারণ সম্পাদক কেসি বেনুগোপাল এর স্বাক্ষর করা এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানিয়ে দেওয়া হয়।। ওই প্রেস বিবৃতিতে AICC র পক্ষ থেকে বিদায়ী প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী র অবদানের প্রশংসা করা হয়।

oooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী 29 শে সেপ্টেম্বর আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৪ তম পর্ব।

সাধারণ মানুষ, টোল ফ্রি নম্বর ১৮০০- ১১- ৭৮০০ তে ফোন করে এই অনুষ্ঠান নিয়ে তাদের মতামত, পরামর্শ দিতে পারেন। ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে সরাসরি প্রধানমন্ত্রীকে তা দেওয়া যাবে। নরেন্দ্র মোদি অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামেও জনসাধারণ তাদের মতামত বা প্রস্তাব দিতে পারেন। ২৭শে সেপ্টেম্বর পর্যন্ত তা পাঠানো যাবে।

২৯ তারিখ বেলা ১১ টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট, ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান।

oooooooooooooooooo

RG Kar হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা, তাঁদের কর্মবিরতি আংশিক প্রত্যাহার করে ৪২ দিন পর আজ জরুরী বিভাগে কাজে যোগ দিয়েছেন। রাজ্য সরকার তাদের দাবি মেনে সমস্ত সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজে নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করার জন্য ১০ দফা নির্দেশিকা জারি করেছে। গত

বৃহস্পতিবার  স্বাস্থ্য ভবনের সামনে থেকে অবস্থান বিক্ষোভ'ও তুলে নেওয়ার কথা ঘোষণা করেছিলেন জুনিয়ার ডাক্তাররা।

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের জুনিয়ার চিকিৎসকেরা বন্যা কবলিত এলাকায় পরিষেবা দিতে পৌঁছে গেছেন। পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়ার বিস্তীর্ণ এলাকায় চাল-ডাল-আলু-বিস্কুটের মতো ত্রাণ সামগ্রী তারা বন্যার্তদের কাছে পৌঁছে দিচ্ছেন। পাশাপাশি খোলা হয়েছে অভয়া স্বাস্থ্য ক্লিনিক।

পশ্চিম মেদিনীপুরের ট্যাবাগেড়িয়া সহ পার্শ্ববর্তী বন্যাকবলিত এলাকায় ৫-৬-টি গ্রাম বন্যার জলে প্লাবিত হয়। সেখানে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের তরফ থেকে অভয়া ত্রাণ শিবির খোলা হয়েছে।

oooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে  তরুণী চিকিৎসকের খুনের ন্যায়বিচারের দাবিতে গতকাল রাতে সোদপুর ট্রাফিক মোড়ে স্থানীয় বাসিন্দারা মানব বন্ধন কর্মসূচি করেন। নির্যাতিতার স্মৃতিতে মোমবাতি জ্বালান। মশাল হাতে বিক্ষোভও দেখান। কর্মসূচিতে যোগ দেন নির্যাতিতার বাবা মা সহ পরিবারের সদস্যরা।

নির্যাতিতার বাবা জানান, জুনিয়র ডাক্তাররা খুব চিন্তাভাবনা করে এগোচ্ছে। সিবিআই সঠিক পথেই তদন্তকে এগিয়ে নিয়ে যাচ্ছে। সত্য উদ্ঘাটিত হবে বলে তিনি আশাপ্রকাশ করেন।

নির্যাতিতার মা জানান, যতদিন না তাঁরা ন্যায়বিচার পাচ্ছেন,  আন্দোলন চালিয়ে যাবেন। স্বাস্থ্যভবনের সামনে রাস্তায় ও দেওয়ালে জুনিয়র ডাক্তারদের লেখা দাবি মুছে দেওয়ার প্রসঙ্গে নির্যাতিতার মা বলেন, রাস্তায় লেখা স্লোগান মুছে দিলেও, মানুষের মন থেকে আলোড়ন মুছে দেওয়া যাবে না।

oooooooooooooooooooo

অন্যদিকে, আর জি কর কান্ডের তদন্তে গতকাল গভীর রাত পর্যন্ত সিবিআই সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ ডাক্তার বিরূপাক্ষ বিশ্বাস এবং অভীক দে-কে জিজ্ঞাসাবাদ করছে। গত ৯-ই আগস্ট ঘটনার দিন আর জি কর হাসপাতালের সেমিনার হলে ওই দু-জনকে দেখা গিয়েছিল বলে অভিযোগ। তাদের বিরুদ্ধে অন্যান্য চিকিৎসকদের হুমকি দেওয়ারও অভিযোগ রয়েছে। জিজ্ঞাসাবাদ করা হচ্ছে আর জি কর-এর চিকিৎসক সৌরভ পালকেও।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের চেষ্টায় অবশেষে নিরাপদে বাড়ি ফিরলেন রাশিয়ায় ভাড়াটে সৈন্য হয়ে আটকে পড়া কালিম্পংয়ের বাসিন্দা উর্গেন তামাং।

গত ২৬শে মার্চ ভিডিয়ো বার্তায় নিজের আটকে পড়ার কথা জানান উর্গেন। তাঁকে দেশে ফিরিয়ে নিয়ে আসার জন্য প্রধানমন্ত্রীর কাছে আবেদন করেন তিনি। তারপরেই পদক্ষেপ করে কেন্দ্র সরকার। গতকাল তিনি বাগডোগরা বিমানবন্দরে পৌঁছন। বিমানবন্দরে উর্গেনকে স্বাগত জানায় কালিম্পং পুরসভার প্রশাসক বোর্ডের চেয়ারম্যান রবি প্রধান সহ গোটা পরিবার। সেনা থেকে তিনি অবসরের পর গুজরাতে কর্মরত ছিলেন। সেখান থেকেই দিল্লির এজেন্টের সঙ্গে তাঁর যোগাযোগ হয়। এজেন্টকে ছ'লাখ টাকাও দিয়েছিলেন তিনি। গত ১৮ই জানুয়ারি রাশিয়ায় যান উর্গেন। সেখানে নিরাপত্তা রক্ষীর কাজ দেওয়ার কথা থাকলেও,তাঁকে কিছু নথিপত্রে সই করিয়ে প্রথমে মস্কোতে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধক্ষেত্রে নামানো হয় ।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে, চক্ররেলের চল্লিশ বছর পূর্তিতে গতকাল এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই উপলক্ষ্যে কলকাতা স্টেশন থেকে প্রিন্সেপ ঘাটের উদ্দেশ্যে গতকাল একটি বিশেষ ট্রেন চালায় রেল। গত এক দশকে চক্ররেলের যাত্রী পরিবহন প্রায় ২০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে দাবী করেছে রেল কর্তৃপক্ষ। চক্ররেল পথে প্রতিদিন ২৭-টি ট্রেল চলাচল করে। শিয়ালদহর ডিভিসনাল পারসনেল অফিসার একলব্য চক্রবর্তী জানান।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার যুব ভারতী ক্রীড়াঙ্গনে Indian Super League ( ISL) ফুটবল ম্যাচের দিনগুলিতে ক্রীড়া প্রেমীদের বাড়ি ফেরার সুবিধার্থে কলকাতা মেট্রো রেল, গ্রিন লাইন ১-এ বিশেষ পরিষেবা দেবে। এআইএফএ এর অনুরোধের ভিত্তিতে আগামীকাল ও ২৭ সেপ্টেম্বর, ৫ ও ১৯ অক্টোবর এবং ৯, ২৩, ২৯, ৩০ নভেম্বর, ১২, ১৪, ১৭ ও ২১ ডিসেম্বর এই বিশেষ ট্রেন পরিষেবা দেওয়া হবে। ওই দিনগুলিতে রাত ১০ টা ১৫ মিনিটে সল্টলেক স্টেডিয়াম স্টেশন থেকে শিয়ালদার

উদ্দেশে এই বিশেষ ট্রেন পরিষেবা পাওয়া যাবে বলে কলকাতা মেট্রো রেলের মুখ্য জন সংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

oooooooooooooooooooo

আইএসএল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং, এফ সি গোয়ার ম্যাচটি ১-১ গোলে ড্র হয়েছে। । যাদবপুরের কিশোর ভারতী ষ্টেডিয়ামে মহামেডানের পক্ষে গোল করেন আলেক্সি গোমেজ।

oooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলায় বর্তমান বন্যা পরিস্থিতিতে বহু মানুষ বিপন্ন। বন্যা কবলিত মানুষের সাহায্যে ইস্টবেঙ্গল ক্লাব এগিয়ে এসেছে। ক্লাবের পক্ষ থেকে ১৫ লক্ষ টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে তুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল বার্ষিক সাধারণ সভার শেষে ইস্টবেঙ্গল ক্লাবের তরফে এক প্রেস বিবৃতিতে এই খবর জানানো হয়েছে। এদিনের সভায় ক্লাবের ভবিষ্যৎ পরিকল্পনায় ইউথ ডেভলপমেন্টের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo